

যমজ বোন জেরিন-জেরিফা পেলেন জিপিএ-৫

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২০:৪১, ৮ ফেব্রুয়ারি ২০২৩

1



আয়শা আক্তার জেরিন ও কানিজ ফাতেমা জেরিফা।

এবারের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫ পেয়েছেন যমজ বোন আয়শা আক্তার জেরিন ও কানিজ ফাতেমা জেরিফা। সিরাজগঞ্জের উল্লাপাড়ার মেয়ে তারা।

বুধবার (৮ ফেব্রুয়ারি) উচ্চ মাধ্যমিক পরীক্ষার ঘোষিত ফলাফলে এ তথ্য জানা যায়।

সিরাজগঞ্জের উল্লাপাড়া বিজ্ঞান কলেজ থেকে তারা দুজনেই জিপিএ ৫ পেয়েছে। এর আগে জেএসসি ও এসএসসিতেও জিপিএ-৫ পেয়েছিল তারা।

জেরিন ও জেরিফা উল্লাপাড়া উপজেলার আমডাঙ্গা গ্রামের বাসিন্দা ব্যবসায়ী কাইয়ুম হোসেন জুয়েল ও রুমা পারভীন দম্পতির মেয়ে।

বাবা কাইয়ুম হোসেন জুয়েল বলেন, মেয়ে দুটি তার জন্মের পর থেকে পরিবার ও লেখাপাড়ার সব কর্মকাণ্ড একই সঙ্গে করে থাকে। তাদের চিন্তা চেতনা, প্রত্যাশা ও জীবনের উদ্দেশ্যও এক। তিনি ব্যবসার কাজে বেশি সময় ব্যস্ত থাকেন। মেয়েদের দিকে খুব বেশি নজর দিতে পারেন না। মেয়েদের লেখাপড়ার পেছনে সব কৃতিত্বের দাবিদার তাদের মা।

উল্লাপাড়া বিজ্ঞান কলেজের অধ্যক্ষ আশরাফুল ইসলাম গণমাধ্যমকে জানান, দুই বোনের অদ্ভুত মিল। কথা বার্তা, চাল চলন, ক্লাসে বসা, প্রশ্নের উত্তর প্রদান সবই একই রকম। তারা আমাদের কলেজের গর্ব। আমরা সবাই ওদের সুন্দর ফলাফলের জন্য খুশি। দুই বোনের উচ্চ শিক্ষার স্বপ্ন পূরণে শিক্ষকদের অনেক দোয়া রয়েছে।

এমএম